# ষষ্ঠ শ্রেণির সেশন পরিকল্পনায় পুনর্বিবেচনা

## শিল্প ও সংস্কৃতি

ষষ্ঠ শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছর চালু করা হয়েছে বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা সম্ভব হয়নি। ষাণ্মাসিক শিখনকালীন এবং সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ শ্রেণিতে চারটি (০৪) শিখন অভিজ্ঞতা মূল্যায়ন করা হয়েছিল। বার্ষিক সামষ্টিক মূল্যায়নের আগে আরো সাতটি (০৭) শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে হবে। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ শ্রেণির যে অভিজ্ঞতাগুলোর মুল্যায়ন হয়েছে –

| অভিজ্ঞতা নং | অভিজ্ঞতার নাম |
|---|---|
| ১ | আনন্দধারা |
| ২ | শীত-প্রকৃতির রূপ |
| ৩ | পলাশের রঙে রঙিন ভাষা |
| ৪ | স্বাধীনতা তুমি |

**ষষ্ঠ শ্রেণিতে আরও ৭টি অভিজ্ঞতা বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে –**

| শ্রেণি | অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পুর্বে বিদ্যমান সেশন সংখ্যা (২৩ জুলাই – ১০ নভেম্বর) |
|---|---|---|---|
| ষষ্ঠ | ০৭টি | ৪৩ | ১৬ সপ্তাহে ৩২টি সেশন |

সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে বিদ্যালয়ভেদে কয়েকটি অতিরিক্ত সেশন প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, শিখন অভিজ্ঞতাগুলোর কিছু কার্যক্রম পরিমার্জনের নির্দেশনা প্রস্তাব করা হলো যেন শিক্ষকগণ যথা সময়ে কিছু শিখন সময় হাতে রেখেই সিলেবাসের সকল শিখন-শেখানো কাজ শেষ করতে পারেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

এই অবশিষ্ট শিখন অভিজ্ঞতাগুলো ১০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করার জন্য অভিজ্ঞতা অনুযায়ী পরিমার্জিত/সম্ভাব্য সেশন সংখ্যার তালিকাসহ নির্দেশনাসমূহ নিচে দেওয়া হলোঃ

| **অভিজ্ঞতা নং** | **অভিজ্ঞতার নাম** | **পূর্বনির্ধারিত সেশন সংখ্যা** | **পরিমার্জিত সেশন সংখ্যা** | **শিক্ষকদের জন্য নির্দেশনা এবং সেশন পরিমার্জন কৌশল** |
|---|---|---|---|---|
| **৫** | নব আনন্দে জাগো | ৬ | ৪ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে নিবেন। সেশন ১ পরিচালনার ক্ষেত্রে শিক্ষক বর্ষবিদায় ও বর্ষবরণ উৎসব সম্পর্কে পাঠ্য বইয়ের উল্লেখিত বিষয়ের সহায়তা নিয়ে শিক্ষার্থীদের ধারণা দিবেন। তারপর শিক্ষার্থীদের দলীয় কাজটি করাবেন।<br>• সেশন ৫ ও ৬ এর কাজটি (গ্রীষ্মকাল, বর্ষ-বিদায়, বর্ষবরণ, লোকশিল্প ও সংস্কৃতির যেকোন বিষয় নিয়ে শিক্ষার্থীদেরকে তাদের পছন্দের মাধ্যম যেমন- আঁকা, গড়া, কন্ঠশীলন, মুখভঙ্গি, অঙ্গভঙ্গি, বলা, লেখা এর যেকোনো একটি প্রকাশ করতে উৎসাহিত করা) একটি সেশনে করাবেন এবং শিক্ষার্থীদের শ্রেনির বাইরের কাজ/বাড়ির কাজ হিসেবে চর্চা করতে দিবেন। |
| **৬** | আত্মার আত্মীয় | ৬ | ৫ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে নিবেন। প্রকৃতিতে কিংবা অডিও-ভিজ্যুয়াল বা মাল্টি মিডিয়ার সাহায্যে পাখি ও তাদের জীবন যাপনের নানা দিক জানার কাজটি বাড়ির কাজ হিসেবে দিবেন। শিক্ষার্থীরা এ কাজটি করার সময় বন্ধুখাতায় বিভিন্ন নোট লিখে রাখবে। |
| **৭** | বৃষ্টি ধারায় বৃষ্টি আসে | ৮ | ৬ | • সেশন ৩ (বর্ষা ঋতু উদযাপন) পরিচালনার জন্য একটা ছুটির দিন বেছে নিতে হবে, কিংবা কোনো একদিন ক্লাসের শেষে এই আয়োজন করতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | • সেশন ৮ স্বপ্নবৃক্ষ বিনিময়ের কাজটি ৭ নং সেশনের দিন স্কুল ছুটির পরে আয়োজন করতে হবে। |
| **৮** | টুঙ্গিপাড়ার সেই ছেলেটি | ৪ | ৩ | • সেশন ২ ও ৩ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন।<br>• বঙ্গবন্ধু ও ১৫ই আগস্টের জাতীয় শোক দিবস নিয়ে নিজের ইচ্ছেমতো ছবি আঁকার প্রতিযোগিতা স্কুল ছুটির পর অথবা ১৫ই আগস্ট আয়োজন করতে পারেন।<br>• স্কুল ছুটির পরে বঙ্গবন্ধুকে নিয়ে রচিত গান, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষন, দেশের গান পরিবেশনের জন্য একক ও দলগতভাবে অনুশীলন করতে সহায়তা দিন। |
| **৯** | শরৎ আসে মেঘের ভেলায় | ১০ | ৭ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন। শরৎকালের অভিজ্ঞতা বন্ধুখাতায় লেখার কাজটি বাড়ির কাজ হিসেবে দিবেন।<br>• চারটি সেশন (৫, ৬, ৭ ও ৮) দুইটি সেশনে পরিচালনা করবেন। পাঠ্যপুস্তকে প্রদত্ত নাটিকাটি উপস্থাপন করার জন্য আরও অনুশীলনের প্রয়োজন হলে, স্কুল ছুটির পর কোন একটি শ্রেণীকক্ষে অনুশীলনের ব্যবস্থা করবেন। |
| **১০** | হেমন্ত রাঙা সোনা রঙে | ৪ | ৩ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন।<br>• বন্ধুখাতায় হেমন্ত ঋতুর প্রকৃতির রূপ তুলে ধরা বাড়ির কাজ হিসেবে দিবেন। |
| **১১** | বিজয়ের আলোয় সুন্দর আগামী | ৬ | ৩ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন।<br>• সারা বছরের দৃশ্যশিল্প বিষয়ক এবং উপস্থাপন শিল্প বিষয়ক কাজের তালিকা বাড়ির কাজ হিসেবে করতে দিবেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | • চারটি সেশন (৩, ৪, ৫ ও ৬) দুইটি সেশনে পরিচালনা করবেন।<br>• প্রদর্শনী বা উপস্থাপনার কাজটি স্কুল ছুটির পর আয়োজন করা যেতে পারে। তাহলে, এই উৎযাপনে অন্যান্য শ্রেণির বা বিষয়ের শিক্ষক ও শিক্ষার্থীরাও অংশগ্রহণ করতে পারবে। |
| মোট | | ৪৪ | ৩১ | |

**সাধারণ নির্দেশনাঃ**

১। শিক্ষক সেশন শুরুর পূর্বে শিক্ষক সহায়িকা থেকে অভিজ্ঞতার জন্য নির্ধারিত সেশনগুলো পর্যালোচনা করে অভিজ্ঞতার মূল বিষয়গুলো চিহ্নিত করবেন। কোন সেশন বাদ না দিয়ে আলোচনা সংখিপ্ত করে ও বাড়ির কাজ দিয়ে সকল কাজ নিশ্চিত করবেন।

২। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজের কারনে অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ শিল্প ও সংস্কৃতি বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন শিল্প ও সংস্কৃতি বিষয়ের পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনামত শেষ করতে হবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে।

# সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনায় পুনর্বিবেচনা

## বিষয়ঃ শিল্প ও সংস্কৃতি

সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছর চালু করা হয়েছে বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা সম্ভব হয়নি। ষাণ্মাসিক শিখনকালীন এবং সামষ্টিক মূল্যায়নে সপ্তম শ্রেণিতে তিনটি (০৩) শিখন অভিজ্ঞতা মূল্যায়ন করা হয়েছিল। বার্ষিক সামষ্টিক মূল্যায়নের আগে আরো নয়টি (০৯) শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে হবে। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে সপ্তম শ্রেণির যে অভিজ্ঞতাগুলোর মুল্যায়ন হয়েছে –

| **অভিজ্ঞতা নং** | **অভিজ্ঞতার নাম** |
|---|---|
| ১ | বিশ্বজোড়া পাঠশালা |
| ২ | নকশা খুঁজি নকশা বুঝি |
| ৩ | মায়ের মুখের মধুর ভাষা |

**সপ্তম শ্রেণিতে আরও ০৯টি অভিজ্ঞতা বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে –**

| **শ্রেণি** | **অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা** | **পূর্বনির্ধারিত সেশন সংখ্যা** | **বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পুর্বে বিদ্যমান সেশন সংখ্যা (২৩ জুলাই – ১০ নভেম্বর)** |
|---|---|---|---|
| সপ্তম | ০৯টি | ৪৯ | ১৬ সপ্তাহে ৩২টি সেশন |

সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে বিদ্যালয়ভেদে কয়েকটি অতিরিক্ত সেশন প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, শিখন অভিজ্ঞতাগুলোর কিছু কার্যক্রম পরিমার্জনের নির্দেশনা প্রস্তাব করা হলো যেন শিক্ষকগণ যথা সময়ে কিছু শিখন সময় হাতে রেখেই সিলেবাসের সকল শিখন-শেখানো কাজ শেষ করতে পারেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

এই অবশিষ্ট শিখন অভিজ্ঞতাগুলো ১০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করার জন্য অভিজ্ঞতা অনুযায়ী পরিমার্জিত/সম্ভাব্য সেশন সংখ্যার তালিকাসহ নির্দেশনাসমূহ নিচে দেওয়া হলোঃ

| **অভিজ্ঞতা নং** | **অভিজ্ঞতার নাম** | **পূর্বনির্ধারিত সেশন সংখ্যা** | **পরিমার্জিত সেশন সংখ্যা** | **শিক্ষকদের জন্য নির্দেশনা এবং সেশন পরিমার্জন কৌশল** |
|---|---|---|---|---|
| **৪** | স্বাধীনতা আমার | ৬ | ৩ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন।<br>• গান/কবিতা শোনা বা সিনেমা দেখা বা বই পড়ার অনুভূতি বন্ধুখাতায় লিখে আনার কাজটি বাড়ির কাজ দিবেন।<br>• সেশন ৪, ৫ ও ৬ ‘চল নকশা হই’ কাজটি একটি সেশনে পরিচালনা করবেন। প্রয়োজন হলে বাড়ির কাজ দিবেন এবং তা পরের সেশনে চেক/মূল্যায়ন করবেন।<br>• ‘চল নকশা হই’ কাজটি করতে যে উপকরণ লাগবে তা সংগ্রহ করে আনার জন্য পূর্বের ক্লাসেই নির্দেশনা দিয়ে দিবেন। |
| **৫** | বৈচিত্র্যে ভরা বৈশাখ | ৬ | ৪ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন।<br>• প্রথম চার অনুচ্ছেদ ... “আন্তর্জাতিক মাতৃভাষা দিবস থেকে বর্ষবিদায় ও বর্ষবরণ অনুষ্ঠানের সর্বত্রই লক্ষ করা যায় আলপনার বহুল ব্যবহার।” পর্যন্ত বই পড়ার কাজটি বাড়ির কাজ হিসেবে দিবেন।<br>• তিনটি সেশন (৪, ৫ ও ৬) দুইটি সেশনে পরিচালনা করবেন। |
| **৬** | কাজের মাঝে শিল্প খুঁজি | ৬ | ৪ | • তিনটি সেশন (৩, ৪ ও ৫) দুইটি সেশনে পরিচালনা করবেন। পাঠ্যবইতে নির্দেশিত বিষয়বস্তু মাটি দিয়ে রিলিফ নকশা বা মাটির |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ফলক তৈরি কাজটি বাড়ি থেকে শিক্ষার্থীরা করে আনবে।<br>• যে শিক্ষার্থী যে কাজটি (শ্রমভঙ্গি, দাদরা তাল, আবৃত্তি) করতে আগ্রহী, সেই কাজটি অনুশীলন করবে। |
| ৭ | প্রাণ-প্রকৃতি | ৫ | ৩ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন। বন্ধুখাতায় মতামত লেখার কাজটি বাড়ির কাজ দিবেন।<br>• তিনটি সেশন (৩, ৪ ও ৫) দুইটি সেশনে পরিচালনা করবেন।<br>• বন্ধুর কাছ থেকে প্রাপ্ত বীজযুক্ত কার্ডটি মাটিতে লাগিয়ে, পরিচর্যা করা ও বীজ থেকে গাছ হওয়ার প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করা এবং গাছটির বেড়ে ওঠার গল্প বন্ধুখাতায় এঁকে বা লিখে রাখার কাজটি বাড়ির কাজ হিসেবে দিবেন। |
| ৮ | প্রাণের গান | ৫ | ৪ | • দুইটি সেশন (৪ ও ৫) একটি সেশনে পরিচালনা করবেন।<br>• পরিবারে সদস্যদের কাছ থেকে বা অন্য কোনো মাধ্যম থেকে নিজ এলাকার কোনো গান থাকলে সে সম্পর্কে জেনে বন্ধুখাতায় লেখার কাজটি বাড়ির কাজ হিসেবে দিবেন। |
| ৯ | চিত্রলেখা | ৪ | ৩ | • তিনটি সেশন (১, ২ ও ৩) সংক্ষিপ্ত আকারে দুইটি সেশনে পরিচালনা করবেন।<br>• পাঠ্য বইয়ের গল্পটি পড়া ও তার অনুভূতি বন্ধুখাতায় লেখার কাজ সেশন ১ এ বাড়ির কাজ হিসেবে দিবেন। |
| ১০ | শরৎ উৎসব | ৬ | ৪ | • দুইটি সেশন (৩ ও ৪) একটি সেশনে পরিচালনা করবেন।<br>• পাঠ্য বইয়ের কাজ অনুযায়ী একেকটি দল একেকটি কাজ অনুশীলন করবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | • সেশন ৬ ('শারদোৎসব' নাটক উপস্থাপন) পরিচালনার জন্য একটা দিন বেছে নিতে হবে, স্কুল ছুটির পর এই আয়োজন করতে হবে। তাহলে অন্য শ্রেণির শিক্ষার্থীরাও তা উপভোগ করতে পারবে। |
| **১১** | সোনা রোদের হাসি | ৪ | ২ | • সেশন ১ ও ২ সংক্ষিপ্ত আকারে একটি সেশনে পরিচালনা করবেন।<br>• কৃষকের অবদান সম্পর্কে চিন্তা ও অনুভূতি বন্ধুখাতায় লিখে আনা এবং কৃষক ও কৃষিকাজ নিয়ে যেসব গান, কবিতা ও গল্প আছে তা খুঁজে বের করে বন্ধুখাতায় লিখে আনা বাড়ির কাজ হিসেবে দিবেন।<br>• সেশন ৪ নবান্ন উৎসব আয়োজনের জন্য একটা ছুটির দিন বেছে নিতে হবে, কিংবা কোনো একদিন ক্লাসের শেষে এই আয়োজন করতে হবে। |
| **১২** | আমার দেশ আমার বিজয় | ৭ | ৪ | • তিনটি সেশন (১, ২ ও ৩) সংক্ষিপ্ত আকারে দুইটি সেশনে পরিচালনা করবেন।<br>• 'মুক্তির গান' ডকুমেন্টারি স্কুল ছুটির পর দেখানোর ব্যবস্থা করবেন।<br>• চারটি সেশন (৪, ৫, ৬ ও ৭) দুইটি সেশনে পরিচালনা করবেন।<br>• মহান বিজয় দিবসের দিন প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে। |
| **মোট** | | ৪৯ | ৩১ | |

**সাধারণ নির্দেশনাঃ**

১। শিক্ষক সেশন শুরুর পূর্বে শিক্ষক সহায়িকা থেকে অভিজ্ঞতার জন্য নির্ধারিত সেশনগুলো পর্যালোচনা করে অভিজ্ঞতার মূল বিষয়গুলো চিহ্নিত করবেন। কোন সেশন বাদ না দিয়ে আলোচনা সংখিপ্ত করে ও বাড়ির কাজ দিয়ে সকল কাজ নিশ্চিত করবেন।

২। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজের কারনে অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ শিল্প ও সংস্কৃতি বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন শিল্প ও সংস্কৃতি বিষয়ের পর যে বিষয়ের সেশন

পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনামত শেষ করতে হবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে।